

সংবাদ বিবৃতি

সুলতানা কামাল, শাহরিয়ার কবির ও মুনতাসির মামুনকে হত্যার হুমকি হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) এর গভীর উদ্বেগ, নিরাপত্তা প্রদান এবং স্থানীয় দোসরদের চিহ্নিত করে জবাবদিহিতা নিশ্চিত করার দাবি

[০৫ মে ২০১৯] তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা, বিশিষ্ট মানবাধিকার কর্মী এবং আইন ও সালিশ কেন্দ্র (আসক) এর সাবেক নির্বাহী পরিচালক সুলতানা কামাল, সাংবাদিক শাহরিয়ার কবির ও অধ্যাপক মুনতাসির মামুনকে একটি জঙ্গি সংগঠন থেকে হত্যার হুমকি দেওয়ার ঘটনায় হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) গভীরভাবে উদ্বেগ।

বিভিন্ন গণমাধ্যমসূত্রে জানা যায়, আল-কায়েদার মুখপত্র বালাকোট মিডিয়ার 'লোন উলফ' গাইড এর মার্চ সংখ্যায় এই তিন বিশিষ্ট নাগরিককে হত্যার হুমকি প্রদান করা হয়েছে। গত ০৪ মে ২০১৯ সুলতানা কামাল নিরাপত্তা প্রদানের জন্য এ বিষয়টি পুলিশের আইজিকে অবগত করেছেন। একই দিনে ধানমন্ডি থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) দায়ের করেছেন তিনি।

এই হুমকির ঘটনায় এইচআরএফবি গভীরভাবে উদ্বেগ। এর আগেও আমরা বিভিন্ন দেশীয় জঙ্গিগোষ্ঠী কর্তৃক বিভিন্ন বিশিষ্ট নাগরিকদের হত্যার হুমকি প্রদান এবং অনেককে আক্রমণের ঘটনা প্রত্যক্ষ করেছি। বিগত কয়েক বছরে বেশ কয়েকজন ব্লগার তাদের হত্যার শিকার হয়েছে। ফোরাম সরকারের কাছে এ তিন বিশিষ্ট ব্যক্তিকে হুমকি প্রদানের বিষয়টি অত্যন্ত গুরুত্বের সাথে বিবেচনা করে জরুরি ভিত্তিতে তদন্ত করে দেখার এবং তাদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য দ্রুততার সাথে ব্যবস্থা গ্রহণের দাবি জানাচ্ছে। পাশাপাশি সুষ্ঠু ও দক্ষভাবে তদন্তের মাধ্যমে উক্ত সংগঠনের স্থানীয় দোসরদের চিহ্নিত করে বিচারের আওতায় আনার আহ্বান জানাচ্ছে এইচআরএফবি। একইসাথে এ তিন বিশিষ্ট ব্যক্তির প্রতি ফোরাম সদস্যরা তাদের আন্তরিক সহমর্মিতা জানাচ্ছে।

শীপা হাফিজা

আহ্বায়ক, এইচআরএফবি

নির্বাহী পরিচালক, আইন ও সালিশ কেন্দ্র (আসক)

Secretariat:

Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Association for Land Reform and Development (ALRD), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), FAIR, Kapaeeng Foundation, Karmojibi Nari (KN), Manusher Jonno Foundation (MJF), Nagorik Uddyog, Naripokkho, National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB), Women Disabilities Development Foundation (WDDF).